# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۢبِيَاء

আয়াতঃ ২১ : ১০২

## আরবি মূল আয়াত:

لَا یَسۡمَعُوۡنَ حَسِیۡسَهَا ۚ وَ هُمۡ فِیۡ مَا اشۡتَهَتۡ اَنۡفُسُهُمۡ خٰلِدُوۡنَ ﴿۱۰۲﴾

## অনুবাদসমূহ:

তারা জাহান্নামের ক্ষীণতম শব্দও শুনতে পাবে না। সেখানে তারা তাদের মনঃপুত বস্তুর মধ্যে চিরকাল থাকবে। — আল-বায়ান

তারা জাহান্নামের ক্ষীণতম শব্দও শুনবে না, আর তারা তাদের মনের বাসনা অনুযায়ী চিরকাল বসবাস করবে। — তাইসিরুল

তারা ওর ক্ষীণতম শব্দও শুনতে পাবেনা এবং সেখানে তারা তাদের মন যা চায় চিরকাল তা ভোগ করবে। — মুজিবুর রহমান

They will not hear its sound, while they are, in that which their souls desire, abiding eternally. — Sahih International

১০২. তারা সেসবের ক্ষীণতম শব্দও শুনবে না(১) এবং সেখানে তারা চিরকাল থাকবে তাদের মনের বাসনা অনুযায়ী।

(১) অর্থাৎ তারা তাদের শরীরে সামান্যতম আগুনের আঁচও পাবে না। [কুরতুবী; ইবন কাসীর] আগুনের শব্দও পাবে না। যারা জাহান্নামে যাবে তাদেরও কোন শব্দ তারা পাবে না। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১০২) তারা ওর (জাহান্নামের) ক্ষীণতম শব্দও শুনতে পাবে না এবং সেথায় তাদের মন যা চায় তারা চিরকাল তা ভোগ করবে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2585

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন